


প্রেস বিজ্ঞপ্তিঃ ঢাকা, ১৬ আগস্ট ২০১৭ খ্রিঃ।

চাউলের উপর আরোপিত ১০ শতাংশ শুল্কহার কমিয়ে ২ শতাংশে অবনমিত করার সিদ্ধান্ত নিয়েছে সরকার।

আজ ১৬ আগস্ট ২০১৭ তারিখে খাদ্য মন্ত্রণালয় এর খাদ্য পরিকল্পনা ও পরিধারণ সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভায় চাউল আমদানির প্রযোজ্য শুল্কের উপর বিস্তারিত আলোচনা হয়। সার্বিক বন্যা পরিস্থিতির কারণে বর্তমানে দেশের চাউল উৎপাদনে যে ক্ষতি হয়েছে সেই ক্ষতিপূরণের বিষয়টি সভায় সর্বাধিক গুরুত্ব পেয়েছে। চাউল আমদানির ক্ষেত্রে শুল্ক সংক্রান্ত আলোচনা শেষে সভায় সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয় যে, চাউল আমদানির উপর শুল্কের হার ১০ শতাংশ হতে কমিয়ে ২ শতাংশে নির্ধারিত হবে।

এই বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অনুশাসন অনুযায়ী এসআরও জারির লক্ষ্যে এই শুল্কহার ২ শতাংশে নির্ধারণের জন্য ইতোমধ্যে বিষয়টি অতীব জরুরি বিবেচনায় জাতীয় রাজস্ব বোর্ড হতে আজই আইন মন্ত্রণালয়ে ভেটিং এর জন্য পাঠানো হয়েছে। আইন মন্ত্রণালয় এর ভেটিং প্রাপ্তির পর তা গেজেট নোটিফিকেশনের জন্য বাংলাদেশ ফরমস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরে পাঠানো হবে।

বর্ণিত সংবাদ বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত গণমাধ্যমে প্রচারের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বিনয় অনুরোধ করা হ'ল।


(সৈয়দ এ. মু'মেন)
সিনিয়র তথ্য কর্মকর্তা
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

প্রাপকঃ
বার্তা সম্পাদক
সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া।